পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
সেন্ট্রাল রেভিনিউ ডিপার্টমেন্ট

# নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী<br>ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ও আহবায়ক, পিজিসিএল নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | ১৫ জানুয়ারি ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকা |
| স্থান | অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম জুম। |
| উপস্থিতি | রেকর্ডড। |

১.০ পিজিসিএল-এর অফিস আদেশ নং- ২৮.১৮.০০০০.০৩৩.৯৯.০০৮.১৯.২৫৮; তারিখঃ ২৮ সেপ্টেম্বর ২০২২ এর মাধ্যমে গঠিত “**পিজিসিএল নৈতিকতা কমিটি**” এর উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি গত ০৩/০১/২০২৩ তারিখে মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতির পেট্রোবাংলায় প্রেরণ করায় পিজিসিএল নৈতিকতা কমিটির সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন। একইসাথে সরকারের নতুন ভিশন ‘স্মার্ট মানুষ, স্মার্ট সমাজ, স্মার্ট বাংলাদেশ’ বিনির্মাণে নৈতিকতা কমিটির সদস্যদের সচেষ্ট ও অগ্রনী ভুমিকা পালন করার নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে সভাপতির সম্মতিতে পিজিসিএল নৈতিকতা কমিটির সদস্যগণের উপস্থিতিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|
| ১) | কমিটির সদস্য-সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে ক্রমিক-১.৩ এ “সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা”- আয়োজনের উল্লেখ রয়েছে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রমটি বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মহাব্যবস্থাপক (বিপণন)। তিনি জানান আগামী ২০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির বিভিন্ন শ্রেণির গ্রাহক/অংশীজনদের নিয়ে একটি অংশীজন সভা আয়োজন করার জন্য অনুরোধ জানিয়ে মহাব্যবস্থাপক (বিপণন)-কে পত্র প্রদান করা যেতে পারে। কমিটির একজন সদস্য উক্ত অংশীজন সভায় অংশীজন হিসাবে গ্রাহকদের বিল আদায়কারী ব্যাংক, বিভিন্ন উন্নয়নমূলক কাজে নিয়োজিত ঠিকাদারকে আমন্ত্রণ জানানোর প্রস্তাব করেন। সভাপতিসহ উপস্থিত অপরাপর সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। | আগামী ২০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির বিভিন্ন শ্রেণির গ্রাহক/অংশীজনদের নিয়ে একটি অংশীজন সভা আয়োজন করা। | পিজিসিএল নৈতিকতা কমিটি<br>ও<br>মহাব্যবস্থাপক (বিপণন) |

| | | | |
|---|---|---|---|
| ২) | কমিটির সদস্য-সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে ক্রমিক-১.৪ এ শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রমটি বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (এইচআর)। তিনি জানান আগামী ৩০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কমপক্ষে ৪০ জন কর্মকর্তা/কর্মচারী (যারা চলতি অর্থ বছরে ইতোপূর্বে অনুষ্ঠিত এতদসংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন নাই) নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করার জন্য অনুরোধ জানিয়ে উপ-মহাব্যবস্থাপক (এইচআর) কে পত্র প্রদান করা যেতে পারে। সভাপতিসহ উপস্থিত অপরাপর সদস্যগণ এ বিষয়ে একমত হন। | আগামী ৩০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কমপক্ষে ৪০ জন কর্মকর্তা/কর্মচারী (যারা চলতি অর্থ বছরে ইতোপূর্বে অনুষ্ঠিত এতদসংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন নাই) নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা। | উপ-মহাব্যবস্থাপক (এইচআর) |
| ৩) | কমিটির সদস্য-সচিব জানান, কর্ম-পরিকল্পনার ক্রমিক-১.৫ এ “কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি)” বর্ণিত কার্যক্রমের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের সচেতনা বৃদ্ধির লক্ষ্যে ‘১.৫.৩) অগ্নি-নির্বাপন মহড়া’ আয়োজন করার লক্ষ্যমাত্রা উল্লেখ রয়েছে যা মহাব্যবস্থাপক (অপারেশন) মহোদয়ের মাধ্যমে বাস্তবায়িত হবে। সদস্য-সচিব জানান আগামী ৩০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি অগ্নি-নির্বাপন মহড়া আয়োজন ও প্রমাণকস্বরূপ ছবি বা প্রতিবেদন কমিটির নিকট দাখিল করার জন্য অনুরোধ জানিয়ে মহাব্যবস্থাপক (অপারেশন)-কে একটি পত্রের মাধ্যমে অনুরোধ করা যেতে পারে। | কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সচেতনা বৃদ্ধির লক্ষ্যে আগামী ৩০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি অগ্নি-নির্বাপন মহড়া আয়োজন ও প্রমাণকস্বরূপ ছবি বা প্রতিবেদন কমিটির নিকট দাখিল করার জন্য অনুরোধ জানিয়ে মহাব্যবস্থাপক (অপারেশন)-কে একটি পত্র প্রেরণ করা। | মহাব্যবস্থাপক (অপারেশন) |
| ৪) | কমিটির সদস্য-সচিব জানান, কর্ম-পরিকল্পনার ক্রমিক-৩.১ এ “সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ” নিশ্চিত করার লক্ষ্যে রেজিস্টার হালনাগাদকরণের উল্লেখ রয়েছে যা মহাব্যবস্থাপক (ফিন্যান্স) ও মহাব্যবস্থাপক (বিপণন) মহোদয়গণের মাধ্যমে বাস্তবায়িত হবে। তিনি জানান কোম্পানির আঞ্চলিক কার্যালয়সমূহে গ্রাহক সেবা সংক্রান্ত রেজিস্টার হালনাগাদ করা ও কত সংখ্যক সেবা প্রত্যাশীকে সেবা প্রদান করা হয়েছে এ সংক্রান্ত একটি ত্রৈমাসিক প্রতিবেদন কমিটির নিকট দাখিল করার জন্য মহাব্যবস্থাপক (ফিন্যান্স) ও মহাব্যবস্থাপক (বিপণন)-কে একটি পত্রের মাধ্যমে অনুরোধ করা যেতে পারে। | কোম্পানির আঞ্চলিক কার্যালয়সমূহে গ্রাহক সেবা সংক্রান্ত রেজিস্টার হালনাগাদ করা ও কত সংখ্যক সেবা প্রত্যাশীকে সেবা প্রদান করা হয়েছে এ সংক্রান্ত একটি ত্রৈমাসিক প্রতিবেদন কমিটির নিকট দাখিল করার জন্য নৈতিকতা কমিটির পক্ষ হতে মহাব্যবস্থাপক (ফিন্যান্স) ও মহাব্যবস্থাপক (বিপণন)-কে একটি পত্র প্রেরণ করা। | মহাব্যবস্থাপক (ফিন্যান্স) ও মহাব্যবস্থাপক (বিপণন) |

| | | | |
|---|---|---|---|
| ৫) | কমিটির সদস্য-সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে ক্রমিক-৩.৩ এ বর্ণিত "নৈতিকতা কমিটির সদস্যগণ কর্তৃক শিল্প / সিএনজি / ক্যাপটিভ / বাণিজ্যিক / আবাসিক গ্রাহক আঙ্গিনা পরিদর্শন"-টি লক্ষ্যমাত্রা রয়েছে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রমটি বাস্তবায়নে নৈতিকতা কমিটির সদস্যগণ কর্তৃক পিজিসিএল-এর বিভিন্ন শ্রেণির কিছুসংখ্যক গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করা যেতে পারে। সভাপতিসহ উপস্থিত অপরাপর সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। | আগামী ২৫ মার্চ ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির বিভিন্ন শ্রেণির উল্লেখযোগ্য সংখ্যক গ্রাহকের আঙ্গিনা পরিদর্শন করা। | পিজিসিএল নৈতিকতা কমিটি |
| ৬) | কমিটির সদস্য-সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে ক্রমিক-৩.৪ এ বর্ণিত "কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে নৈতিকতা বিষয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কর্মশালা আয়োজন"-এর লক্ষ্যমাত্রা রয়েছে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রমটি বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (এইচআর)। সদস্য-সচিব জানান আগামী ৩০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের (যারা ইতোপূর্বে অনুষ্ঠিত এতদসংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণ করেন নাই) অংশগ্রহণে নৈতিকতা বিষয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে একটি উদ্বুদ্ধকরণ কর্মশালা আয়োজন করার জন্য অনুরোধ জানিয়ে উপ-মহাব্যবস্থাপক (এইচআর) কে পত্র প্রদান করা যেতে পারে। সভাপতিসহ উপস্থিত অপরাপর সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। | আগামী ৩০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের (যারা ইতোপূর্বে অনুষ্ঠিত এতদসংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণ করেন নাই) অংশগ্রহণে নৈতিকতা বিষয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে একটি উদ্বুদ্ধকরণ কর্মশালার আয়োজন করা। | পিজিসিএল নৈতিকতা কমিটি ও উপ-মহাব্যবস্থাপক (এইচআর) |

২.০ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের নির্ধারিত কার্যক্রমসমূহের মধ্যে ৩.৩) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এর আওতাধীন এলাকা অবৈধ গ্যাস সংযোগ মুক্তকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। তদপ্রেক্ষিতে প্রতি মাসে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড সংশ্লিষ্ট দপ্তর তথ্য সংরক্ষণ করবেন এবং কোয়ার্টার শেষে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর এলাকা অবৈধ গ্যাস সংযোগ মুক্ত ও কোন অবৈধ গ্যাস পাইপলাইন নাই মর্মে প্রত্যয়ন করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।

সভাপতি মহোদয় পূর্ববর্তী অর্থ বছরগুলোর কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ন্যায় চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (৩য় কোয়ার্টার)-টি যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা এবং কার্যক্রমসমূহ বাস্তবায়নের প্রমাণক সংরক্ষণ করার অনুরোধ জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।



মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ও
আহবায়ক, পিজিসিএল নৈতিকতা কমিটি

স্মারক নম্বর: ২৮.১৮.০০০০.০৫৪.৪০.০০১.২২.৮

তারিখ: ৩ মাঘ ১৪২৯
১৭ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

২) উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

প্রকৌ. রাজীব ভট্টাচার্য্য
ব্যবস্থাপক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা,
পিজিসিএল নৈতিকতা কমিটি